# দায়ূদ -২



Published by the Comic Bible Society, LLC
Copyright © 2021

Kingstone Comics maintains copyright to this comic book as provided by United States copyright law.

Print and digital copies of this version may be freely distributed without penalty under a Creative Commons license.


আমার নতুন ভাইয়ের জন্য - এবং রাজ পরিবারের সদস্যের জন্য।
যোনাথন....
ঈশ্বর তোমার সাথে আছেন - এবং আমিও - মনেপ্রাণে আছি।
তুমি ভালই করেছিলে শক্তিশালী দায়ূদ - এবার দেখি যুদ্ধে জয়ী হবার জন্য তুমি সৈন্যদের কিভাবে পরিচালনা দাও।
যেখানেই দায়ূদ যেতেন - সদাপ্রভু তাকে সফলতা দিতেন।
সেইজন্য শৌল তাঁকে সৈন্যদলের একজন সেনাপতি করলেন এবং তাকে যুদ্ধ পরিচালনার জন্য বাইরে পাঠাতে শুরু করেছিলেন।

১ শমূয়েল ১৮:৩-৫


শৌল মারলেন হাজার হাজার
... আর দায়ূদ মারলেন অযুত অযুত।


শৌল মারলেন হাজার হাজার
... আর দায়ূদ মারলেন অযুত অযুত।
ওরা দায়ূদের বিষয়ে অযুত অযুতের কথা বলল, অথচ আমার বিষয়ে বলল হাজার হাজার।
এর পর রাজ্য ছাড়া দায়ূদের আর কি পাওয়ার বাকী রইল?
সেই সময় থেকে শৌল দায়ূদকে হিংসার চোখে দেখতে লাগলেন।

১ শমূয়েল ১৮:৬-৯




১ শমূয়েল ১৮:১০-১২


সেইজন্য শৌল দায়ূদকে নিজের কাছ থেকে সরিয়ে দিলেন এবং তাঁকে সৈন্যদলে হাজারপতির পদে নিযুক্ত করলেন।
যদিও দায়ূদ ইস্রায়েলের জন্য আশীর্বাদের ছিলেন কিন্তু তিনি তাঁকে ভয়ের চোখে দেখতে লাগলেন।
তিনি নিজের কাছ থেকে দায়ূদকে সরিয়ে দিতে চাইলেন - এমনকি যুদ্ধক্ষেত্রে তাঁকে মেরে ফেলতে চাইলেন।
কিন্তু সদাপ্রভু তাঁর সংগে ছিলেন বলে, দায়ূদ সব কিছুতেই, বুদ্ধির পরিচয় দিয়ে সফলতা লাভ করতে লাগলেন।
দায়ূদ বেশ সফলতা লাভ করেছেন দেখে, শৌল তাঁকে ভয়ের চোখে দেখতে লাগলেন।
কিন্তু এই যুদ্ধগুলোতে শুধুমাত্র দায়ূদের পরিচালনা দেবার দক্ষতা, এরসাথে তাঁর সাহস ও চারিত্রিক গুণাবলী প্রকাশ পেয়েছে - এবং এইসব যুদ্ধের জয় লোকদেরকে আরো বেশী তাঁর কাছে নিয়ে এসেছে।




১ শমূয়েল ১৮:১৫-১৮




১ শমূয়েল ১৮: ১৯-২১



দুঃখ পেয়ো না।
আমার জামাই হবার জন্য এই তোমার দ্বিতীয় সুযোগ।
তোমরা গোপনে দায়ূদের সংগে আলাপ করে তাকে এই কথা বল, "রাজা আপনার উপর খুশী হয়েছেন, আর তাঁর কর্মচারীরা সবাই আপনাকে পছন্দ করে, কাজেই আপনি এবার রাজার জামাই হন।"
শৌলের কর্মচারীরা এইসব কথা দায়ূদকে জানালেন - কিন্তু তিনি খুব নম্রভাবে উত্তর দিলেন
রাজার জামাই হওয়াটা কি তোমরা একটা সামান্য ব্যাপার বলে মনে কর?
আমি তো গরীব একজন সামান্য লোক।
তোমরা দায়ূদকে বল যে," রাজা কেবল তাঁর শত্রুদের উপর প্রতিশোধ হিসাবে একশো জন পলেষ্টীয়ের পুরুষাংগের সামনের চামড়া চান অন্য কোন পণ চান না।"*
নিজের সমস্যা থেকে মুক্তি পাবার জন্য শৌল পলেষ্টীয়দের হাতে দায়ূদ যেন এইভাবে শেষ হয়ে যায় তার পরিকল্পনা করলেন - এবং তাঁর সিংহাসনকে বাঁচাতে চাইলেন।
*প্রাচীনকালে যুদ্ধক্ষেত্রে, সৈন্যরা মারা যাওয়া সৈন্যদের অঙ্গছেদ করতো অসম্মানের প্রতিক হিসাবে। আর এটি তাদের আরো বেশী রাগিয়ে দিত বিপরীত দলের সৈন্যদের ধ্বংস করার জন্য।




১ শমূয়েল ১৮:২৬-২৯


এরপর পলেষ্টীয়দের সেনাপতিরা প্রতিনিয়ত যুদ্ধ করবার জন্য বেরিয়ে আসতে লাগল, যতবার তারা বেরিয়ে আসল, ততবারই শৌলের অন্যান্য কর্মচারীদের চেয়ে দায়ূদ বেশী বুদ্ধির পরিচয় দিয়ে সফলতা লাভ করলেন, এতে তাঁর খুব সুনাম হল।

১ শমূয়েল ১৮:৩০


শৌলের হিংসা আরো বেড়ে গেল...
আজ দুপুরে দায়ূদকে আমার কাছে নিয়ে আসবে।
আমি আমার কর্মচারীদের বলব তাঁকে মেরে ফেলবার জন্য। সে আমার রাজ্যের জন্য হুমকীস্বরূপ।
আমার বাবা শৌল তোমাকে মেরে ফেলবার চেষ্টা করছেন। শোন তুমি কাল সকালে সাবধানে থেকো; একটা গোপন জায়গায় গিয়ে লুকিয়ে থেকো।
তুমি যে মাঠে লুকিয়ে থাকবে আমি আমার বাবাকে নিয়ে সেখানে গিয়ে দাঁড়াব।
আমি তাঁর কাছে তোমার কথা বলব আর যা জানতে পারব তা তোমাকে জানাব।”
বাবা, আপনার দাস দায়ূদের বিরুদ্ধে মহারাজ কোন পাপ করবেন না। সে তো আপনার বিরুদ্ধে কোন পাপ করে নি, বরং সে যা করেছে তাতে আপনার অনেক উপকার হয়েছে।
সে তার প্রাণের ঝুঁকি নিয়ে সেই পলেষ্টীয়দেরকে মেরে ফেলেছে। আর সদাপ্রভু সমস্ত ইস্রায়েলকে মহাজয় দান করেছেন, আপনি তো তা দেখে খুশী হয়েছিলেন।
তবে এখন আপনি অকারণে দায়ূদকে মেরে ফেলে কেন একজন নির্দোষ লোকের রক্তপাত করে তার বিরুদ্ধে পাপ করবেন?
জীবন্ত সদাপ্রভুর দিব্য, তাঁকে মেরে ফেলা হবে না।
পরে যোনাথন দায়ূদকে ডেকে তাঁকে সমস্ত কথা জানালেন।
তিনি তাঁকে শৌলের কাছে নিয়ে গেলেন, এবং দায়ূদ আগের মতই শৌলের কাছে রইলেন।

১ শমূয়েল ১৯: ১-৭


কিন্তু পলেষ্টীয় সৈন্যরা যুদ্ধে হাল ছেড়ে দেয়নি।
কিন্তু দায়ূদ এবং তাঁর সৈন্যরা বিজয়ের জন্য যুদ্ধ করতে লাগলেন।
দায়ূদ তাদের এত লোককে মেরে ফেললেন যে তারা তাঁর সামনে থেকে পালিয়ে গেল।

১ শমূয়েল ১৯:৮


জয়লাভের পর দায়ূদ আগের মতই শৌলের কাছে রাজসভায় ফিরে আসলেন।
কিন্তু অনুতাপ না থাকলে হিংসা ও শত্রুতা আরো কঠিন হয়ে যেতে পারে...
আবারো দায়ূদের বিপক্ষে মন্দ আত্মা শৌলের মধ্যে আসল।
থ্যাং!!
এখন আমার পালিয়ে যাওয়াই ভাল।
নয়তো আমি মারা না যাওয়া পর্যন্ত শৌল থামবে না।

১ শমূয়েল ১৯:৯-১০




১ শমূয়েল ১৯:১১-১৪




১ শমূয়েল ১৯:১৫-১৭




১ শমূয়েল ১৯:১৮-১৯




১শমূয়েল ১৯:২০-২৪



যেখানে তিনি লুকিয়ে ছিলেন শৌল এবং তাঁর সৈন্যরা সেখানে আসার পরে, দায়ূদ সেখান থেকে পালিয়ে যোনাথনের কাছে গেলেন।
আমি কি করেছি? আমার দোষ কি? তোমার বাবার বিরুদ্ধে আমি কি পাপ করেছি যে তিনি আমাকে মেরে ফেলবার চেষ্টা করেছেন?
তোমাকে মেরে ফেলা হবে না!
দেখ, আমার বাবা আমাকে না জানিয়ে, ছোট-বড়, কোন কাজই করেন না।
তবে এই কথা তিনি আমার কাছ থেকে কেন লুকাবেন? এ হতেই পারে না।
তোমার বাবা হয়তো মনে মনে ভেবেছেন," যোনাথনকে এই বিষয়ে না জানানোই ভাল, সে দুঃখ পাবে।"
কিন্তু জীবন্ত সদাপ্রভুর দিব্য এবং তোমার প্রাণের দিব্য দিয়ে আমি বলছি যে, মৃত্যু আমার কাছ থেকে মাত্র এক পা দূরে।
তুমি আমাকে যা করতে বলবে আমি তা-ই করব।
দেখ কাল অমাবস্যার উৎসব, রাজার সংগে আমার খেতে বসবার কথা আছে, কিন্তু তুমি আমাকে যেতে দাও এবং মাঠের মধ্যে লুকিয়ে থাকতে দাও।
যদি তোমার বাবা আমার খোঁজ করেন তবে তুমি তাঁকে বলবে, "দায়ূদ বৈৎলেহমে তার বাড়ীতে তাড়াতাড়ি যাবে বলে আমার কাছে মিনতি করে অনুমতি চেয়েছিল, কারণ সেখানে তাদের বংশের বাৎসরিক পশু-উৎসর্গের অনুষ্ঠান হচ্ছে।"
কিন্তু তিনি যদি খুব রেগে ওঠেন তবে তুমি জেনো যে, তিনি আমার অমংগল করবেন বলে মন স্থির করেছেন।


কাজেই তুমি এখন, আমার প্রতি বিশ্বস্ত হও, কারণ সদাপ্রভুকে সাক্ষী রেখে তুমি আমার সংগে একটা চুক্তি করেছ।
আমি যদি দোষ করে থাকি, তবে তুমি নিজেই আমাকে মেরে ফেল! তোমার বাবার হাতে আমাকে তুলে দেবার দরকার কি?
তুমি কখনও এমন চিন্তা কোরো না। যদি আমি জানতে পারি যে, আমার বাবা তোমার অমঙ্গল করাই স্থির করেছেন, তবে নিশ্চয়ই আমি কি তা তোমাকে জানাব না?
এই ব্যাপারে তোমার বাবা যদি তোমার সংগে খারাপ ব্যবহার করেন আমাকে মারতে চান, তবে কে তা আমাকে জানাবে?”
চল; আমরা মাঠে যাই।
ইস্রায়েলীয়দের ঈশ্বর সদাপ্রভু সাক্ষী, কাল কিম্বা পরশু এই সময়ে আমি আমার বাবার সংগে কথা বলে দেখব!
যদি তোমার পক্ষে ভাল বুঝি তবে, আমি তখনই লোক পাঠিয়ে তোমাকে জানাব।
যদি আমার বাবা তোমার অমংগলই করতে চান, আর আমি তোমাকে না জানাই, এবং নিরাপদে তোমাকে পাঠিয়ে দেবার ব্যবস্থা না করি তবে সদাপ্রভু যেন আমাকে শাস্তি দেন এবং তা ভীষণভাবেই দেন।
সদাপ্রভু যেমন আমার বাবার সংগে ছিলেন তেমনি তোমার সংগেও থাকুন।
কিন্তু মনে রেখ আমি যদি বেঁচে থাকি তবে সদাপ্রভু যেমন বিশ্বস্ত তেমনি তুমি আমার প্রতি বিশ্বস্ত থেকো। কিন্তু যদি আমি মারা যাই তবে আমার বংশের প্রতি তুমি চিরকাল বিশ্বস্ত থেকো- এমন কি, সদাপ্রভু যখন পৃথিবীর বুক থেকে তোমার প্রতিটি শত্রুকে শেষ করে দেবেন তখনও বিশ্বস্ত থেকো...

১ শমূয়েল ২০:৮-১৫




১ শমূয়েল ২০:১৮-৩৪




১ শমূয়েল ২০:৩৫-৪২


এর পর দায়ূদ শৌলের কাছ থেকে পালিয়ে নোব গ্রামে গেলেন- যা পুরোহিতদের শহর নামে পরিচিত, যেখানে তিনি পুরোহিত অহীমেলককে দেখেছিলেন।
আপনি একা কেন? কেন আপনার সংগে আর কেউ নেই?
রাজা আমাকে একটা কাজের ভার দিয়ে বলেছেন, তিনি যে কাজের হুকুম দিয়ে আমাকে পাঠিয়েছেন তার কিছুই যেন আর কেউ জানতে না পারে। সেইজন্য আমার লোকদের আমি একটা নির্দিষ্ট জায়গায় আমার জন্য অপেক্ষা করতে বলেছি।
কিন্তু দায়ূদের মিথ্যা খুব শীঘ্রই দুঃখজনক ফলাফল এনেছিল...
আমার লোকদের খাওয়ানোর জন্য আপনি কি কিছু করতে পারেন?
আমার কাছে কোন সাধারণ রুটি নেই, তবে পবিত্র সম্মুখ-রুটি আছে- যদি আপনার লোকেরা কোন স্ত্রীলোকের কাছে না গিয়ে থাকে তবে তা খেতে পারবে।
সৈন্যদের নিয়ে আমি যখন কোন সাধারণ কাজে বের হই, তখনও আমার সৈন্যেরা শুচি থাকে।
এখানে আপনার কাছে কোন বর্শা বা তলোয়ার নেই? রাজার কাজ জরুরী ছিল বলে আমি নিজের তলোয়ার বা অন্য কোন অস্ত্র সংগে আনতে পারি নি।
এলা উপত্যকায় আপনি যে পলেষ্টীয় গলিয়াৎকে মেরে ফেলেছিলেন শুধুমাত্র তার তলোয়ারখানা এখানে আছে।
ওটার মত তলোয়ার আর কোথায় আছে- ওটাই আমাকে দিন।

১ শমূয়েল ২১:১-৯




১ শমূয়েল ২১:১০-১৫


দায়ূদ গাৎ থেকে পালিয়ে অদুল্লমের কাছে একটা গুহাতে গিয়ে আশ্রয় নিলেন, সেই জায়গা থেকে বারো কিলোমিটার দূরেই ছিল তাঁর পিতৃপুরুষদের বেৎলেহম শহর। তাঁর ভাইয়েরা এবং তাঁর বাবার বংশের লোকেরা তাঁর সাথে দেখা করতে গেলেন।
যারা বিপদে, এবং ঋণের ভারে কষ্ট পাচ্ছিল ,এবং যাদের মনে অসন্তোষের ভাব ছিল, তারা সবাই দায়ূদের কাছে গিয়ে জড়ো হল। দায়ূদ তাদের সেনাপতি হলেন এইভাবে প্রায় চারশো পুরুষ লোক তাঁর সংগী হল।
পরে দায়ূদ সেখান থেকে মোয়াব দেশে যেখানে তাঁর মায়ের - দিদিমা রুথ বাস করতেন সেই গ্রামে গেলেন। তিনি মোয়াবের রাজাকে বললেন, আমার সম্বন্ধে ঈশ্বরের ইচ্ছা কি যতদিন আমি তা জানতে না পারি ততদিন দয়া করে আমার মা-বাবাকে আপনার কাছে রাখুন।
যেভাবে নবী শমূয়েল শৌলকে বিভিন্ন পরামর্শ দিয়ে সাহায্য করতেন, ঠিক সেইভাবে সদাপ্রভু দায়ূদকে পরামর্শ দেবার জন্য গাদ নবীকে দিয়েছিলেন।
তুমি দুর্গ পাহাড়ে আর থেকো না। যিহূদা এলাকায় চলে যাও।
আমি এই জায়গা ছেড়ে হেরেৎ এলাকায় যে বন ছিল সেখানে চলে যাব।

১ শমূয়েল ২২:১-৫


বিন্যামীন-গোষ্ঠীর লোকেরা শোন- যিশয়ের ছেলে কি তোমাদের সবাইকে জায়গা-জমি ও আংগুর ক্ষেত দেবে এবং তোমাদেরকে সেনাপতি নিযুক্ত করবে?
তোমরা সবাই আমার বিরুদ্ধে কেন ষড়যন্ত্র করেছ আর আমাকে কেন বলছো না সে কোথায় লুকিয়ে আছে?
আমার ছেলে যে আজ আমার চাকরকে আমারই বিরুদ্ধে ওৎ পেতে বসে থাকবার উস্‌কানি দিচ্ছে সেই কথা আমাকে তোমরা কেউ জানাও নি কিম্বা আমার জন্য কারও দুঃখ নেই।
আমি তাঁকে দেখেছি। পুরোহিতদের শহরে অহীমেলকের কাছে যেতে দেখেছি। তারা তাঁকে খাবার-দাবার দিয়েছেন - আর পলেষ্টীয় গলিয়াতের তলোয়ারটাও দিয়েছেন।
তুমি কেন যিশয়ের ছেলেকে সাহায্য করে আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করেছ?
মহারাজ, আপনার সমস্ত কর্মচারীদের মধ্যে আপনার জামাই দায়ূদের মত বিশ্বস্ত কে? মহারাজ আপনি আপনার এই দাসের লোকদের কাউকে দোষ দেবেন না- এই সব ব্যাপার সম্বন্ধে আপনার এই দাস কিছুই জানে না।
সদাপ্রভুর পুরোহিতদের মেরে ফেল। তাদের সবাইকে। এমনকি তাদের পরিবারের সকলকেও।
এরা জানত যে দায়ূদ পালাচ্ছে তবুও এরা আমাকে সেই কথা জানায় নি।

১ শমূয়েল ২২:৬-১৭




১ শমূয়েল ২২:১৭-২৩


অবিয়াথর তার সাথে করে ঊরীম ও তুম্মীম নিয়ে এসেছিলেন। তারা তাদের সাথে
বুক-ঢাকন রাখতেন পুরোহিতদের বুকে ব্যবহার করবার জন্য এবং সদাপ্রভুর নির্দেশ জানবার জন্য।
এটা জানা নেই যে এইগুলো রত্নপাথর অথবা পাথর ছিল যার একপাশ কালো আর অন্যপাশ সাদা ছিল,
যা ঈশ্বরের ইচ্ছা জানবার জন্য নির্দিষ্ট প্রশ্নের উত্তর হ্যাঁ বা না তে দেয়ার সময় ব্যবহার করা হত।
হতে পারে এই পাথরের উপর ইব্রীয় ভাষায় কিছু লেখা
ছিল যা পুরোহিতদের সদাপ্রভুর ইচ্ছা বুঝতে সাহায্য করে।
প্রতিনিয়ত, ঈশ্বর পুরোহিতদের এটা দিয়েছিলেন
যেন তারা সদাপ্রভুর ইচ্ছা জানতে পারেন।
এটি ছিল ভবিষ্যৎ বানী বলার এক
ধরনের উপায় যা পুরাতন নিয়মে
সদাপ্রভু সমর্থণ করেছিলেন।
“বুক-ঢাকনের ভাঁজের ভিতরে রাখবে ঊরীম ও তুম্মীম, তাতে হারোণ যখন সদাপ্রভুর সামনে
উপস্থিত হবে তখন সেগুলো তার বুকে থাকবে। এতে হারোণ সদাপ্রভুর সামনে সব
সময়েই ইস্রায়েলীয়দের জন্য আমার নির্দেশ জানবার উপায় তার বুকে বইবে।”

যাত্রাপুস্তক ২৮



যখন শক্তিশালী দায়ূদ খবর পেল যে পলেষ্টীয়রা যিহূদা নগরের কাছে আক্রমণ করেছে। তখন ঊরীম ও তুম্মীম ব্যবহার করে পরামর্শ করার পরে তিনি নির্দেশ দিলেন...
আমরা কিয়ীলাকে রক্ষা করার জন্য যাব। সদাপ্রভু বলেছেন যে তিনি তাদের আমাদের হাতে তুলে দেবেন।
দায়ূদ এবং তাঁর সৈন্যবাহিনী ইস্রায়েলীয়দের শহর রক্ষা করলেন।
কিন্তু দায়ূদ কোথায় আছে সেই খবর শৌলের কাছ পৌঁছে গেল...
সুতরাং, ঈশ্বর দায়ূদকে এবার আমার হাতে তুলে দিয়েছেন। কারণ শহরের ফটকগুলো হুড়কা দিয়ে বন্ধ করা যায় এমন একটা জায়গায় ঢুকে সে নিজেই নিজেকে আটক করে ফেলেছে।
এটি খুবই সহজ হবে।
শৌল তাঁর সমস্ত সৈন্যদের নিয়ে আপনাকে ধরার জন্য এগিয়ে আসছে।
পুরোহিত অবিয়াথরকে আমার কাছে নিয়ে আস। আমার ঈশ্বরের কাছ থেকে জানা প্রয়োজন যে কিয়ীলার লোকেরা কি আমাকে তাঁর হাতে তুলে দেবে কিনা।
কিয়ীলার লোকেরা তোমার উদ্ধারের কথা মনে রাখবে না।
তারা তোমাকে শৌলের হাতে তুলে দেবেন।
আমরা এখান থেকে চলে যাব।




১ শমূয়েল ২৩:১৩-১৮




১ শমূয়েল ২৩:১৯-২৫


শৌল কোন সময় নষ্ট করলেন না। তিনি ৩০০ সৈনিক নিয়ে দায়ূদের পিছনে তাড়া করতে লাগলেন।
আমরা কিছু সময়ের জন্য এখানে দাঁড়াব যতক্ষণ না পর্যন্ত আমি মলত্যাগ শেষ করে এই গুহা থেকে বের হই।
সদাপ্রভু যে দিনের কথা আপনাকে বলেছিলেন আজ সেই দিন এসে গেছে তিনি ব লেছিলেন, “আমি তোমার শত্রুকে তোমার হাতে তুলে দেব আর তার প্রতি তোমার যা ভাল মনে হয় তুমি তা-ই করবে।”
এটি যিহূদীয়ার মরুভূমিকে অভিশপ্ত করেছিল ...
তখন দায়ূদ উঠে চুপি চুপি, শৌলের পোশাক থেকে একটা টুকরা কেটে নিলেন।
আমরা তাঁকে এক আঘাতেই মেরে ফেলতে পারতাম।
না! আমার কখনই উচিত হয়নি তাঁর উপরে হাত উঠানো এমনকি তাঁর কাপড়ে হাত দেয়াও।
আপনি আপনার শত্রুর কোন ক্ষতি না করেই তাকে যেতে দিলেন। তিনি তো আপনাকে মেরে ফেলতে চেয়েছিলেন।
তিনি তো সদাপ্রভুর অভিষেক করা লোক -- সদাপ্রভুর অভিষেক করা লোকের বিরুদ্ধে হাত তুলতে সদাপ্রভু কখনও আমাকে অনুমতি দেবেন না।

১ শমূয়েল ২৪: ১-৭


প্রভু মহারাজ!
যে সব লোক আপনাকে বলে দায়ূদ আপনার ক্ষতি করবার চেষ্টা করছে, আপনি কেন তাদের কথা শোনেন?
আমাদের কেউ কেউ আপনাকে মেরে ফেলতে বলেছিল-- কিন্তু আমি বললাম আমার প্রভুর উপরে হাত তুলব না, কারণ তিনি সদাপ্রভুর অভিষেক করা লোক।
এই দেখুন-- আমার হাতে আপনার পোশাকের একটা টুকরা!
কেন আপনি আমার পিছনে তাড়া করে ফিরছেন? আমি তো কোন একটা মরা কুকুর -- বা একটা পোকা কোন কিছুই নই।
দায়ূদ, আমার ছেলে?
আজ তুমি আমাকে মেরে ফেলতে পারতে -- আজ তুমি আমার প্রতি যে ব্যবহার করেছ তার জন্য সদাপ্রভু যেন তোমার মংগল করেন।
তুমি আমার চেয়েও ন্যায়বান। কারণ আমি তোমার সংগে খারাপ ব্যবহার করলেও -- তুমি আমার সংগে ভাল ব্যবহার করেছ।
আমি এখন জানি যে তুমি নিশ্চয়ই ইস্রায়েলীয়দের রাজা হবে।
তাই এখন তুমি সদাপ্রভুর নামে আমার কাছে এই শপথ কর যে, তুমি আমার পরে আমার বংশধরদের ধ্বংস করবে না আর আমার বাবার বংশ থেকে আমার নামও মুছে ফেলবে না।
মহান রাজা, আমি আপনাকে কথা দিলাম।

১ শমূয়েল ২৪:৮-২২








SUPERBIBLE.TV